

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১১০.৪৯.০০১.১৬- ৮৪ (১০০)

তারিখ: ১৫/০২/২০১৭ খ্রিঃ


বিষয় : পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ এবং এ সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement-APA) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য অংশে পিআরএল শুরুর পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন (ল্যাম্প গ্র্যান্ট) ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণের বাধ্যবাধকতা রয়েছে। তৎপ্রেক্ষিতে পিআরএল শুরুর ৩ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরির জন্য আবেদনপত্র গ্রহণ এবং সংশ্লিষ্ট দপ্তরকে ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিত করতে হবে।

APA'র সংশ্লিষ্ট কার্যক্রমের শতভাগ অর্জন নিশ্চিত করার জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ১৭/০৬/০৮ খ্রিঃ তারিখের নং-মপম/ম-১/বিবিধ-১/২০০৮/৩৪৮ সংখ্যক আদেশ অনুযায়ী তাঁর অধিক্ষেত্রের আওতাধীন ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুর করার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণপূর্বক নিম্নোক্ত ছকে মাসিক প্রতিবেদন প্রেরণ করবেন।

ক্রমিক নং	অবসরগ্রহণকারীর নাম, পদবী, কর্মস্থল ও জন্ম তারিখ	পিআরএল শুরুর তারিখ	পিআরএল মঞ্জুরিপত্র নং ও তারিখ	ল্যাম্প গ্র্যান্ট মঞ্জুরিপত্র নং ও তারিখ	পেনশন মঞ্জুরিপত্র নং ও তারিখ	মন্তব্য
--------------	--	-----------------------	-------------------------------------	--	------------------------------------	---------

এছাড়া যেসব ক্ষেত্রে মহাপরিচালক/মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় মঞ্জুরি প্রদান করবেন সেসব ক্ষেত্রে পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন এর আবেদনপত্র PRL শুরুর ৩ মাস পূর্বে মহাপরিচালক বরাবর আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।


(পরিমল চন্দ্র দাস)
উপপরিচালক (প্রশাসন)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

কার্যার্থে বিতরণঃ

- ১। পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম/পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমী, সাভার, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক (অতিরিক্ত পরিচালক), বাঁওড় মৎস্য উন্নয়ন প্রকল্প (রাজশ্ব), যশোর।
- ৩। উপপরিচালক/অধ্যক্ষ.....(সকল)।
- ৪। জেলা মৎস্য কর্মকর্তা/আঞ্চলিক মৎস্য কর্মকর্তা.....(সকল)।
- ৫। সহকারী পরিচালক/উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা/অধ্যক্ষ/.....(সকল)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
- ২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (জরিপ ও পরিকল্পনা/মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৩। উপপরিচালক (মৎস্যচাষ/ফিল্ড সার্ভিস/অর্থ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক (প্রশা-১/প্রশা-২/অর্থ/অডিট/.....), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৫। জনাব.....(সকল)।
- ৬। অফিস কপি।